প্রঃ সঃ/প্রয়োজনীয় ব্যবস্থা নিন
12.05.2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়
বিজন সরণী রোড, রাঙ্গামাটি।
E-mail: rangamatidnc@gmail.com, webportal : www. rangamatidnc.gov.bd

স্মারক নং-৫৮.০২.৮৪০০.১২৪.২৩.০০২.১৪. ২০৬ তারিখ: ০৬/০৫/২০২৫ খ্রি.।

**বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসংগে।**
সূত্র: অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং-৫৮.০২.০০০০.০০৯.২৩.০২৩.২১-১৮০, তারিখ: ০৫/০৫/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাঙ্গামাটি কর্তৃক নিম্নবর্ণিত গ্রুপ ভিত্তিক রচনা প্রতিযোগিতার জন্য রচনা আহবান করা হয়েছে।

**রচনা প্রতিযোগিতা:**

"ক" গ্রুপ : ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি ও সমমান পর্যায়ের ছাত্র/ ছাত্রীদের জন্য (১০০০ শব্দের মধ্যে)
বিষয়:" মাদক নিয়ন্ত্রণে পরিবারের ভুমিকা "।

"খ" গ্রুপ : ৯ম হতে ১০ ম শ্রেণি ও সমমান পর্যায়ের ছাত্র/ ছাত্রীদের জন্য (১৫০০ শব্দের মধ্যে)
বিষয়:" মাদকমুক্ত সমাজ গড়ি, নতুন বাংলাদেশ বিনির্মাণ করি "।

"গ" গ্রুপ : একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র/ ছাত্রীদের জন্য (২০০০ শব্দের মধ্যে)
বিষয়:" একটি ন্যায়ভিত্তিক সমাজ গঠনে মাদকমুক্ত যুবসমাজের ভুমিকা "।

২। এমতাবস্থায়, আপনার কলেজ/ বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংগঠনের আগ্রহী শিক্ষার্থীবৃন্দকে বিষয়ভিত্তিক রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আগামী ২১/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, রচনার প্রথম পাতায় প্রতিযোগির নাম, পিতা/ অভিভাবকের নাম,মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি , গ্রুপের নাম, বিষয় ও যোগাযোগের জন্য টেলিফোন/ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। প্রতি গ্রুপ হতে ১ম,২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কৃত করা হবে।

০৬/০৫/২৫
(এম. শাইফুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোন-০২৩৩৩৩০৪৮৯৮

প্রাপক: অধ্যক্ষ
রাঙ্গামাটি সর: কলেজ, রাঙ্গামাটি

---

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৩/০৫/২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৫ উপলক্ষে আয়োজিত **রচনা প্রতিযোগিতায়** অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের অবগতি ও কার্যার্থে বহুল প্রচার করা হলো।

13.05.2025
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

১৩/০৫/২০২৫

বিতরণ:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
২। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেওয়া গেল;
৩। সংরক্ষণ নথি।